

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
এসএসসি পরীক্ষা-২০২১
২য় প্রস্তুতিমূলক মূল্যায়ন
বিষয়ঃ গার্হস্থ্য বিজ্ঞান

সময়ঃ ৩ ঘন্টা

পূর্ণমানঃ ১০০

ক- বিভাগঃ সক্ষিপ্ত প্রশ্ন-২৫

১. সম্পদ কাকে বলে?
২. বাজেটের প্রয়োজনীয়তা কী ?
৩. শক্তির গুরুত্ব ব্যাখ্যা কর?
৪. সময় এলাকার প্রয়োজনীয়তা কী?
৫. পুষ্প বিন্যাসের নিয়মগুলো ব্যাখ্যা কর?
৬. পর্দার প্রয়োজন হয় কেন?
৭. বিকাশমূলক কার্যক্রম বলতে কী বুঝ?
৮. বর্ধন ও বিকাশের মধ্যে পার্থক্য কী?
৯. আবেগীয় বিকাশ বলতে কি বোঝ?
১০. শারীরিক বিকাশ কী?
১১. কালোস্টাম কাকে বলে?
১২. পারিবারিক বিপর্যয় বলতে ক বুঝ?
১৩. প্রতিরোধ ব্যবস্থা কী?
১৪. মা ও সন্তানের Rh উপাদানের মিল না থাকলে কী বলে?
১৫. ডাউন সিডোম লক্ষণগুলো উল্লেখ করো।
১৬. দ্বিতীয় শ্রেণির প্রোটিন বলতে কী বুঝ?
১৭. স্নেহ জাতীয় খাদ্যের কাজ ব্যাখ্যা করো।
১৮. স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস বলতে কী বোঝায়?
১৯. আর্শযুক্ত খাবার গুরুত্বপূর্ণ কেন?
২০. আনুষ্ঠানিক ভোজ কাকে বলে?
২১. মেনু পরিকল্পনা করার কারণ কী?
২২. খাদ্য গ্রহণের প্রকৃত উদ্দেশ্য কী?
২৩. মসৃণ ও নমনীয় তন্তু কেন বস্ত্র তৈরির উপযোগী?
২৪. পল্লব তন্তু কাকে বলে?
২৫. সুন্দর ব্যক্তিত্ব গঠনে রঙের ভূমিকা কী?

খ- বিভাগঃ সৃজনশীল অংশ-৫০

[সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মানঃ ক+খ+গ+ঘ=১+২+৩+৪=১০]

১. সোহেলীর বাবা একজন প্রতিষ্ঠিত ব্যাংকার। সোহেলীও বাবার মত ব্যাংকার হতে চায়। তাই সোহেলী ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রস্তুতি গ্রহণ করছে। তার বাবা তাকে পড়াশুনার জন্য সার্বক্ষণিক সাহায্য করেন। অপরদিকে সোহেলীর মা মেয়ের নিয়মিত স্কুলে যাওয়া, পড়াশুনা করা সহ সার্বিক তত্ত্বাবধানের দায়িত্ব নেন।

ক-১ গৃহ ব্যবস্থাপনা কী?

খ-২ চাহিদা পূরণের জন্য সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো।

গ-৩ সোহেলীর ভবিষ্যতের পরিকল্পনাটি কোন ধরনের লক্ষ্য? ব্যাখ্যা করো।

ঘ. সোহেলীর লক্ষ্য অর্জনে পরিবারের সদস্যদের পদক্ষেপসমূহ পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন করো।

২. শোভা দেখতে তার মায়ের মত লম্বা, ফর্সা। পরিবারের অন্যান্য সদস্যরা মনে করে শোভা ছোট ফুফুর মতোই হাসি খুশি। শোভার মামা গহর আলি রাঙামাটিতে বসবাস করেন। মামি চাকমা বংশভূত, তাদের যমজ দুই মেয়ে রাইসা ও সামিহা। গহরের ছোট বোনের কোনো সন্তান না থাকায় মেয়ে সামিহাকে প্রতিপালনের জন্য ঢাকায় ছোট বোনের কাছে পাঠিয়ে দিলেন। অপর মেয়ে রাইসা খুব কর্মঠ ও সুঠাম দেহের অধিকারী। কিন্তু বর্তমান প্রযুক্তিতে ততটা উন্নত নয়। ঢাকার পরিবেশে সামিহা পড়াশুনায় বেশ বিচক্ষণ। সে মানসিক শান্তি ও বুদ্ধিমত্তায় খুব উন্নত হলেও অল্প পরিশ্রমে ক্লান্ত হয়ে পড়ে।

ক-১ নৈতিক বিকাশ কী?

খ-২ বাড়ী থেকে স্কুলের দূরত্ব বুঝতে পারনা শিশু বিকাশের কোন স্তরকে নির্দেশ করে? ব্যাখ্যা করো।

গ-৩ শোভার দৈহিক ও মানসিক বৈশিষ্ট্যের কারণ ব্যাখ্যা করো।

ঘ-৪ রাইসা ও সামিহার মধ্যকার বৈসাদৃশ্য সৃষ্টিতে বংশগতি নয় পরিবেশই অনেকাংশে দায়ী- তুমি কি একমত? সপক্ষে যুক্তি দাও।

৩. জেবার ছোট ছেলে জাবেদ প্রায়ই কাশিজনিত সমস্যায় ভোগে। কয়েকদিন আগে খেলতে গিয়ে পা কেটে ফেলেছিল এখনও শুকাচ্ছেনা। বড় মেয়ে জেরিন এসে বলল, “মা সন্ধ্যায় পড়তে গেলে বইয়ের অক্ষরগুলো অস্পষ্ট মনে হয়। আর অল্প আলোতে দেখতেও অসুবিধা হচ্ছে।” মা রেগে গিয়ে বলেন, “শুধু মাংস খেতে চাও। শাকসবজি, ফলমূল না খাওয়াই আজ তোমার এ অবস্থার জন্য দায়ী।

ক-১ প্রধান খনিজ লবণ কাকে বলে?

খ-২ ডিহাইড্রেশন প্রতিরোধে পর্যাপ্ত পরিমাণে পানি গ্রহণ দরকার- ব্যাখ্যা করো।

গ-৩ জাবেদের সমস্যাগুলো কোন খাদ্য উপাদানের অভাবে সৃষ্ট? ব্যাখ্যা করো।

ঘ-৪ জেরিনের ক্ষেত্রে মায়ের বক্তব্যের যথার্থতা নিরূপণ করো।

৪. হোমায়রা ও রুহি দুই বান্ধবী। তারা নবম শ্রেণিতে পড়ে। স্কুল থেকে ফেরার পথে হোমায়রা সফট ড্রিংকস এবং সন্ধ্যায় পড়তে বসার আগে ফাস্টফুড জাতীয় খাবার খায়। অবসর সময়ে কম্পিউটাতে গেমস খেলে সময় কাটায়। অপরদিকে রুহির খাবারের প্রতি ততটা আগ্রহ নেই। সে ডিম ও দুধ খেতে চায় না। মা চেষ্টা করেন প্রতিদিনই তাকে দুধ বা ডিম জাতীয় খাদ্য খাওয়াতে। তাছাড়া মা যত্ন, ছোট মাছ, সবুজ শাকসবজি, ডাল ও ফল ইত্যাদির মধ্যে প্রতিদিনই দুইটি বা তিনটি খাবার খাদ্য তালিকায় রাখেন।

ক-১ পরিপাকতন্ত্র কাকে বলে?

খ-২ পরিপাক ধারাবাহিক প্রক্রিয়া- ব্যাখ্যা করো।

গ-৩ হোমায়রার উপযোগী একদিনের একটি খাদ্য তালিকা তৈরি করো।

ঘ-৪ রুহির ক্ষেত্রে মায়ের খাদ্য সচেতনতার মূল লক্ষ্য বিশ্লেষণ করো।

৫. সূচির গায়ের রং শ্যামলা। বান্ধবী লাভলীর জন্মদিনে যাবে বলে সূচি হালকা রঙের শাড়ি নির্বাচন করে। শাড়িটির জমিন হালকা ক্রিম রঙের কোমরের কাছে গাঢ় বেগুনী রঙের ফুল করা। অপরদিকে লাভলী ফর্সা ও সুঠাম দেহের অধিকারী। লাল রঙের জাঁকজমকপূর্ণ নকশা করা শাড়ি পরায় তাকে আরো সুন্দর দেখাচ্ছিল। সূচি লাভলীকে অভিনন্দন জানাতে যেয়ে বলে, “আজকে তোমার নির্বাচিত শাড়িটি তোকে অপরূপ সৌন্দর্যের অধিকারী ও আকর্ষণীয় করে তুলেছে।

ক-১ গৌণ রং কীভাবে তৈরি হয়?

খ-২ রেখা সৃষ্টি হয় বিন্দু থেকে- ব্যাখ্যা করো।

গ-৩ সূচি পোশাক নির্বাচনে রঙের কোন ভূমিকাকে গুরুত্ব দিয়েছে? ব্যাখ্যা করো।

ঘ-৪ সূচির লাভলীকে বলা কথাটির যথার্থতা মূল্যায়ন করো।

** ব্যবহারিকঃ